ইত্তেফাক

তারিখ ৮।৩।৮৩

পৃষ্ঠা ... কলাম ...

096

# মীরপুরের শিক্ষাপ্রতিষ্ঠান দুইটি সরকারীকরণের আবেদন

বর্তমান সরকার দেশের বেশ-কিছুসংখ্যক শিক্ষাপ্রতিষ্ঠান সরকারীকরণের পরিকল্পনা নিয়াছেন। এ জন্য সরকারকে ধন্যবাদ জানাইয়া আমরা মীরপুরের আটলক্ষ অধিবাসীর পক্ষ হইতে দুইটি শিক্ষা-প্রতিষ্ঠানকে সরকারীকরণের সপক্ষে নিম্নোক্ত তথ্যাদি মাননীয় শিক্ষা-মন্ত্রী এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট তুলিয়া ধরিতেছি ঃ বর্তমান সরকারের অর্থে মীরপুর উন্নয়ন কমিটির প্রচেষ্টায় ২১-১-৭৮ ইং তারিখে মীরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরী ইনষ্টিটিউট (মীরপুর মহিলা মহাবিদ্যালয়) ও মীরপুর উন্নয়ন কমিটি মডেল ইনষ্টিটিউট (বালক উচ্চ বিদ্যালয়) প্রতিষ্ঠিত হয়। মীরপুর পৌরসভা এলাকায় বর্তমানে কোন সরকারী উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয় নাই। শিক্ষা প্রতিষ্ঠান দুইটি প্রায় পঁয়ত্রিশ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত হইয়াছে ও পঞ্চাশ লক্ষ টাকার নির্মাণকাজের পরিকল্পনা নেয়া হইয়াছে। মীরপুর মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষা, অধ্যাপিকাদের বাসভবন এবং ছাত্রীদের জন্য ছাত্রীবাস নির্মিত হইয়াছে ও নির্মাণ কাজ চলিতেছে। মীরপুর গার্লস আইডিয়াল-এর ছাত্রীসংখ্যা প্রায় তেরশত এবং এম, ডি, সি মডেল ইনষ্টিটিউটের ছাত্র-ছাত্রীসংখ্যা প্রায় বারশত। মীরপুর গার্লস স্কুলে কেজি নার্সারী হইতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত এবং এম, ডি, সি মডেল ইনষ্টিটিউটে দেশের প্রচলিত নিয়মে ১ম হইতে দশম শ্রেণী পর্যন্ত ক্লাস চলিতেছে। দুইটি প্রতিষ্ঠানই আর্থিক দিক দিয়া সচ্ছল এবং বাৎসরিক খরচ সংকুলানের পরও উদ্বৃত্ত অর্থ ফাণ্ডে জমা থাকে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে অনুরোধ, সরকারীকরণের পূর্ব পর্যন্ত গার্লস আইডিয়ালের বাৎসরিক চাঁদা ১১০/- টাকা ও ২০৩/- টাকা হইতে কমাইয়া যথাক্রমে ৪০/- টাকা ও ৬০/- টাকা আদায় করার নির্দেশ প্রদান করা হউক। অধ্যাপিকা ও শিক্ষকগণের মাসিক বেতন ৪০০/- ও ৩০০/- টাকার পরিবর্তে বাড়াইয়া ৮০০/- ও ৫০০/- টাকা করা হউক। যেহেতু সরকারী অর্থে এবং এলাকাবাসীর ন্যায়সঙ্গত দাবীর প্রেক্ষিতে প্রতিষ্ঠান দুইটি স্থাপিত হইয়াছে সেহেতু ১৯৮১-'৮২ অর্থ বৎসর হইতে সরকারীকরণ ও চলতি অর্থ বৎসর হইতে ছাত্র-ছাত্রী ভর্তি এবং অধ্যক্ষা, অধ্যাপিকা ও শিক্ষিকাগণকে সরকারীভাবে নিয়োগদান করা হউক।

—হাফিজ উদ্দিন আহমদ (মাষ্টার), ফকির জিয়াউদ্দিন আহমদ, মোঃ আবদুল মালেক, হাফিজুর রহমান ও খন্দকার শফিকুল ইসলাম, মিরপুর, ঢাকা-১৬।